



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৭৯.২০.৩৬৪

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯

০৩ আগস্ট ২০২২

বিষয়: চালনা কলেজের এমপিওভুক্ত শিক্ষক হিসেবে খুব কান্তি রায়-এর বেতন ভাতা পাওয়ার আবেদন।
উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দাকোপ উপজেলাধীন চালনা কলেজের শরীর চর্চা শিক্ষক জনাব খুব কান্তি রায়-এর এমপিওশীটে জন্ম তারিখ ভুল থাকায় বেতন-ভাতা বন্ধ এবং নাম কর্তন হয়। জন্ম তারিখ সংশোধনপূর্বক নভেম্বর/২০২০ সালে এমপিওশীটে নাম অন্তর্ভুক্ত হয়। কিন্তু অধ্যক্ষ অদ্যাবধি তার বেতন-ভাতা প্রদান করছেন না। উপরোক্ত তিনি তার বিরুদ্ধে অধ্যক্ষ এবং গভর্নিং বডি'র রেজুলেশন জালিয়াতি করার অভিযোগ ও তাকে চাকরি হতে অব্যাহতি দিবার কারণ দর্শানোর (২০/০৮/২০২১ তারিখ) নোটিশ প্রদান করে। যা ২৫.১১.২০২১ খ্রি. তারিখ পোস্ট করেছেন এবং তিনি ৩০.১১.২০২১ খ্রি. তারিখ গ্রহণ করেছেন। অধ্যক্ষে এই কর্মকান্ডের কারণে তিনি ২৩ মাস বেতন-ভাতাদি না পেয়ে মানবেতর জীবন যাপন করছেন।

বর্ণিত বিষয়ে অত্র অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.২২.০৭৯.২০.৫৭৫; তারিখ: ১৮.২০২১ খ্রি. তারিখের পত্রের আলোকে জনাব খুব কান্তি রায়-এর পুনঃএমপিও হলেও অধ্যক্ষ তার বেতন-ভাতা প্রদান করছে না করায় তিনি জেলা প্রশাসক খুলনা বরাবর আবেদন করলে তার নির্দেশে উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা তদন্ত কাজে অধ্যক্ষকে ডাকলে তিনি অসহযোগিতা করেন। পরবর্তীতে জেলা প্রশাসক, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করেন। উক্ত কমিটিও তাকে হাজির করাতে পারে নি। যা স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়হীনতা তৈরি করে প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে দুরত্ব সৃষ্টি করছেন। মাঠ পর্যায়ের একজন অধ্যক্ষের এরূপ সেচ্ছাচারিতা আচরণ শৃংখলা পরিপন্থী। এ বিষয়ে গভর্নিংবডি'র সভাপতিকে ০৩ কর্ম দিবসের মধ্যে জবাব/মতামত প্রেরণ করা জন্য পত্র দেয়া হয়। তিনি উক্ত পত্রের কোন মতামত/জবাব প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানের শরীরচর্চা শিক্ষক জনাব খুব কান্তি রায়-এর বেতন-ভাতা প্রদান এবং উক্ত বিষয়ে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে মতামত/ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত বিষয়ে মতামত/ব্যাখ্যা প্রেরণ না করলে জবাব নেই মর্মে ধরে নিয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩-৮-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

১) সভাপতি, পরিচালনা পরিষদ, চালনা কলেজ, দাকোপ,
খুলনা।


২) অধ্যক্ষ, চালনা কলেজ, দাকোপ, খুলনা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৭৯.২০.৩৬৪/১(৪)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ২) জেলা শিক্ষা অফিসার, খুলনা (পত্রটি অধ্যক্ষ কর্তৃক প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাকোপ, খুলনা
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাকোপ, খুলনা(পত্রটি অধ্যক্ষ কর্তৃক প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)



৩-৮-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক